

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১
বাংলাদেশ সচিবালয়
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৮.১৮.০০৮.১৮-০৮

তারিখ:

১৯ পৌষ ১৪২৯

০৩ জানুয়ারি ২০২৩

বিষয়: আহছানিয়া মিশন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ঠিকানা পরিবর্তন সংক্রান্ত।

সূত্র: ১। ঢাআমি/এএমইউএসটি/০১-২০১৯-৬১৮; তারিখ: ১৮/১১/২০১৯।

২। ইউজিসির পত্র নং-৩৭.০১.০০০০.১৩২.৮১.০১৭.২০.৬৭; তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আহছানিয়া মিশন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর বর্তমান ঠিকানা ২১৬/১ তালাইমারী, কাজলা, রাজশাহী এর পরিবর্তে ৫৪/১-২, মির্জাপুর, পোস্ট: বিনোদপুর বাজার, থানা: মতিহার, রাজশাহী এর ঠিকানাস্থ ভবন দু'টি নিম্নোক্ত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সাময়িকভাবে শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমোদন প্রদান করা হলোঃ

ক) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/সিটি কর্পোরেশন কর্তৃক ৫৪/১-২, মির্জাপুর, পোস্ট: বিনোদপুর বাজার, থানা: মতিহার, জেলা: রাজশাহী ঠিকানাস্থ ভবন দু'টি শিক্ষা প্রতিষ্ঠানের কাজে ব্যবহারের অনুমতিপত্র দাখিল করতে হবে;

খ) ক্যাম্পাসকে সন্ত্রাসমুক্ত, মাদকমুক্ত এবং জঙ্গী তৎপরতার উর্ধ্বে রাখতে হবে;

গ) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ অনুযায়ী নির্ধারিত ০৭ (সাত) বছরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাসহ যাবতীয় কার্যক্রম স্থায়ী ক্যাম্পাসে স্থানান্তর হতে হবে;

ঘ) এই ক্যাম্পাস কিংবা বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস পরিচালনা সম্পর্কিত বিষয়ে সরকার কর্তৃক পরবর্তীতে কোন সিদ্ধান্ত/আদেশ/নির্দেশনাবলী জারি করা হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তা যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করতে বাধ্য থাকিবে;

ঙ) পূর্ববর্তী ভবন তথা ২১৬/১ ও ২৫৬, তালাইমারী, জাহাঙ্গীর স্মরণী সড়ক, কাজলা, রাজশাহী ঠিকানাস্থ ক্যাম্পাসের যাবতীয় কার্যক্রম বৰ্ক ও বিশ্ববিদ্যালয়ের নাম সংবলিত যাবতীয় সাইনবোর্ড অপসারণ করে ভবন ছাড়ার নোটিশ প্রদানপূর্বক বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অবহিত করতে হবে এবং নোটিশের সত্যায়িত কপি কমিশনে প্রেরণ করতে হবে;

চ) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এ বর্ণিত সকল বিধান ও শর্ত যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

ছ) বিশ্ববিদ্যালয় স্থাপন ও পরিচালনার সাময়িক অনুমোদনের সময় প্রদত্ত সকল শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।


৫৩১০৩১২৩
(ড. মোঃ ফরহাদ হোসেন)

উপসচিব

ফোনঃ ৫৫১০০৫০৯
ইমেইলঃ private.univ1@shed.gov.bd

চেয়ারম্যান

বোর্ড অব ট্রাস্টিজ

আহছানিয়া মিশন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

২১৬/১ তালাইমারী, কাজলা, রাজশাহী।

নং- ৩৭.০০.০০০০.০৭৮.১৮.০০৮.১৮-০৮/১(৬)

তারিখ:


১৯ পৌষ ১৪২৯

০৩ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যোত্তার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

- ২. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।


০৩/০৩/২০২৪
(ড. মোঃ ফরহাদ হোসেন)
উপসচিব